



জবি ছাত্রদল নেতা জুবায়েদ হত্যায় তার ছাত্রীকে গ্রেফতার



সংগৃহীত ছবি

পুরান ঢাকার আরমানিটোলার টিউশনির বাসায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জুবায়েদ আহমেদের হত্যার ঘটনায় তার ছাত্রী বর্ষা আক্তারকে আটক করেছে পুলিশ। নিহত জুবায়েদ পরিসংখ্যান বিভাগের স্নাতকোত্তরের শিক্ষার্থী এবং ছাত্রদলের সক্রিয় নেতা ছিলেন। রোববার (১৯ অক্টোবর) রাত ১১:২০ মিনিটে বর্ষা আক্তারকে রাজধানীর বংশালের নূর বক্স রোডে রৌশান ভিলা থেকে আটক করা হয়। পুলিশ বাড়ির অন্যান্য সদস্যদেরও নজরদারিতে রেখেছে।

জুবায়েদ আহমেদ টিউশনি করতে যাওয়ার পথে আরমানিটোলার সিঁড়িতে নিহত হন। তার মরদেহ ময়না তদন্তের জন্য রাজধানীর মিডফোর্ট হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার প্রেক্ষাপট এবং অন্যান্য সম্ভাব্য পক্ষ নিয়ে তদন্ত চালাচ্ছে।

LENS ASIA